

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

بَابُ فِي الْأُضْحِيَّةِ

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْبَقَرَةُ عَنْ سَبْعَةٍ وَالْجَزُورُ عَنْ سَبْعَةٍ» . رَوَاهُ مُسْلِمٌ وَأَبُو دَاؤُدَ وَاللَّفْظُ لَهُ

বাংলা

১৪৫৮-[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একটি উট সাতজনের পক্ষ হতে (ঠিক একইভাবে) একটি গরু সাতজনের পক্ষ থেকে (কুরবানী) করা বৈধ হবে। (মুসলিম, আবৃ দাউদ; ভাষা আবৃ দাউদের)[1]

ব্যাখ্যা

ব্যাখ্যা: অধিকাংশ 'উলামাদের ঐকমত্য উটে সাতের বেশী অংশ বৈধ না। তবে কারও মতে দশও বৈধ। দলীল পেশ করেন ইবনু খুযায়মার হাদীস যাতে বলা হয়েছে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক উট সমান দশটি ছাগল নির্ধারণ করেছেন। এ কিয়াসটি অগ্রহণযোগ্য, কেননা উটে সাত ভাগের কথা এসেছে। যেমন আহমাদ ও ইবনু মাজায় বর্ণিত হয়েছে ইবনু 'আব্বাস (রাঃ) হতে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এক ব্যক্তি এসে বলল আমার উপর উট কুরবানী ছিল কিন্তু তা ক্রয়ে অপারগ হয়েছি তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ দিলেন সাতটি ছাগল ক্রয় করতে এবং সেগুলোকে কুরবানী করতে। যদি একটি উট সমান দশটি ছাগল হত তাহলে দশটি ছাগলের কথা বলতেন আর এ কথা ধ্রুবে সত্য প্রয়োজনের সময় বর্ণনা দেরী করা অবৈধ।

জমহুর 'উলামাদের মত হল, কুরবানীতে চাই হাদীতে শারীকানা তথা ভাগাভাগি বৈধ চাই একই পরিবারের হোক বা ভিন্ন ভিন্ন নিকটস্থ পরিবার বা দূরবর্তী পরিবার হোক বৈধ, তবে ইমাম আবূ হানীফার মতে নিকটস্থ পরিবার বা আত্মীয় হতে হবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন